৫৭

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট,বাগেরহাট।

ফোন : ০২৪৭৭৭৫১৬৫৬
E-mail : bagerhatpbs@yahoo.com
Website: www.pbs.bagerhat.gov.bd

স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২১. ১২৮৭

তারিখ: ২২ অগ্রহায়ণ , ১৪২৮ বাংলা
০৭ ডিসেম্বর , ২০২১ খৃষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতিতে ''**মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)**''পদে লোকবল নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুতের জন্য নিম্নবর্নিত যোগ্যতা ও শর্তানুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মকালের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)পদে কর্মরত প্রাক্তন কর্মচারীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ।

| ক্র:নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০/- হতে ২৬,৪৮০.০০/- টাকাসহ বাপবিবো কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | **০১। বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর **২১-১২-২০২১ খ্রি:তারিখ)।** সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>**০২। অভিজ্ঞতা:**-আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটাররিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)পদে ০৩(তিন) বছর/ ০৬ (ছয়) বছর/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে ।<br>**০৩। অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ,বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটি গণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে ।<br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন)বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অত:পর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে । |

## শর্তাবলীঃ

১। **আবেদনপত্র পুরণ ও জমাদানঃ-** বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.bagerhat.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী **২১-১২-২০২১ খ্রি:** তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার,বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, বাগেরহাট বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত/ টাইপকৃত/ সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না ।

২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে ।**

(ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক কালের তোলা সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঙ) প্রথম শ্রেণির গেজেটর অফিসার অথবা বাপবিবোর্ড/পবিসের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র;
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

চলমান পাতা-২

৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে শেষ বেতন, প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ করতে হবে, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) উল্লেখ করতে হবে।

(গ) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On Job Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ-১২/১১/২০১৮ ইং এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/ স্ত্রীগণের রক্ত সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না। বাগেরহাট জেলার ও খুলনার রূপসা এবং তেরখাদা উপজেলায় সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(জ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেহ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত / নোটিশ ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণ করাসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ঞ) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন পূর্ববর্তী পবিসে কর্মরত থাকাকালীন সময়ে না হয়ে থাকলে অত্র পবিস কর্তৃক তার পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত করা হবে।

(ট) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্য বলবৎ থাকবে। যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(মো: জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা / পবিস মনিটরিংও ব্যবস্থাপনা পরিচালন (প:অ:) পরিদপ্তর,বাপবিবো,ঢাকা।
০৩॥ পরিচালক (কারিগরী), আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা/ বাগেরহাট।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, চেয়ারম্যান,বাপবিবো, ঢাকা।
০৭॥ ডিজিএম, সদর-দপ্তর/ফকিরহাট/রামপাল/চিতলমারী জোনাল অফিস, বাপবিস।
০৮॥ এজিএম (ওএন্ডএম),মোল্লাহাট/রূপসা/কচুয়া সাব-জোনাল অফিস,বাপবিস।
০৯॥ এজিএম (অর্থ),বাপবিস।
১০॥ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১),বাগেরহাট পবিস (ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১॥ নোটিশ বোর্ড, বাগেরহাট পবিস
১২॥ অফিস/মাস্টার কপি।

(মো: জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার

ফরমনং-পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর

জেনারেল ম্যানেজার
বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট, বাগেরহাট।

মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তি:) পদে নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরন করিতে হইবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা /আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২১.৫২৪৯ ,তাং-০৭-১২-২০২১ খ্রি: ০২. আবেদনকৃত পদের নাম

০৩. পদের ধরণঃ.......................................

(বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

.................................................. ..........................................................
০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ০৫. প্রকাশনার তারিখ

.................................................. ...................................... ..............................................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ০৭. জন্ম তারিখ (----- পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

................................................ ............/.........../.........(দিন/মাস/বছর)

০৮. মাতার নাম ০৯. বয়স (-----------------------খ্রিঃ তারিখে)

................................................ ........................................................
১০. পিতার নাম ১১. ধর্ম

................................................ ........................................................
১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

................................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

.............................. .............................. .............................. ..............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.............................. .............................. .............................. ..............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

.......................................... .......................................... ..............................
১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর ২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরন করিতে হইবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ গ্রেড | |
| -----------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হইতে হইবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষনে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করিতেছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করিয়াছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করিয়া থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলিয়া পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হইবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো /পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিলে আমি তা মানিতে বাধ্য থাকিব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেই ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার শিক্ষাগত যোগ্যতার সনদ , জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করিতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করিতে বাধ্য থাকিবো।

............................................ ......................................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।